# কবিতার খাতা - ৪

৫ সেপ্টেম্বর ২০২০

স্বাতী ভট্টাচার্যর কবিতা

## প্রেম

অজানা পাহাড়ী পথে
গোপন ঝর্ণা আমি __
আমি তুফানী সাগরবক্ষে তরঙ্গ তোলপাড়,
আমি কল্‌কল্‌ কোলাহল তটিনী লহর,
শহর , নগর, প্রান্তর চেরা,
বিশাল বহমান জলধারা।

আমি সন্ধ্যার আকাশ বুকে টিম্‌টিম তারারাশি,

পৌষের ওড়না ঘেরা কুয়াশা আমি,
আমি কোমল কমল, আবার উদ্দাম অতলান্তিক....

বরষার শাওনধারা শ্রাবণ মেঘে ভরা
বিরহ ব্যাথা, আমি নিশার ঘুমচোরা
আমি প্রত্যয়, আবার নিরাশা
আমি শারদীয়া শিউলি কাশ।
আমার সজল নয়ন, কাজল শ্যামল,
চপল চরণ, নূপুর নিক্কন, আমি কিশোর স্বপন,

আমি প্রেম, আমিই ভালোবাসা।

(C) Ishan Kotha

## বেশ ছিলাম

বেশ ছিলাম ছোট্ট ছিলাম!
পাহাড় ছিল নীল, আকাশ আইসক্রিম
সব ছিল আপন।
এমন ছিলো, অমন ছিলো
পুতুলঘরেও প্রাণ ছিলো
এখন সব কেমন কেমন, কে আপন কে পর!
চোখের জল তাও সাগরের নোনা পানি...
বয়সটাই কেমন গোলমেলে
বুকটা জন্মদিনের কেক্
এতো চিরে দি'ওনা আমায়।
তোমার মুখের সরলতা কোথায় হারালে?
এতো মলিন কবে হ'লে?
ছিলোনা এতো প্রশ্ন তখন...
সেই যখন ছোট্ট ছিলাম!
বেশ ছিলাম, ছোট্ট ছিলাম।

## তবে তাই হোক

বৃত্ত, বৃত্ত নয় যদি গন্ডী পেরোয়,
মেঘ, মেঘ  নয় যদি ছুঁলেই ছোঁয়া হয়
জল, জল নয় যদি চিত্রলেখা যায়
হারানো, হারানো নয় যদি পথ ফিরে পায় _
বনানী, বন নয়, যদি আকাশ কথা কয় _

যদি থিরিথিরি কাঁপেনা দেবদারু পাতা,
শিথিল শিথিল বাতাসে।

ম'ন গিরিবাজ পায়রা সম,
চরকি কাটে আকাশে আকাশে....
ম'ন আবার ছিন্ন, ছন্নছাড়া _
কুটি কুটি, কোটি কোটি খান্খান্।
ম'ন লজ্জা ঢাকে কিছু আপনমনে,
ঢাকে কিছু অপমান
বসনে যা ঢাকেনি তারে
মরনোত্তরে বসনে ঢেকো,
তাই হোক, তবে  তাই হোক
তাঁকে নিয়ে চ'লে যাবো
অপমানোত্তর মহাসাগরে।

(C) Ishan Kotha

## জেনো এই আমিকে

এই সবে আমার আমিকে,

এক কাঁচের বোতলে ভরালাম....
আমি'র কোনো রং নেই, না আয়তন
শূন্য বোতল ভেবে কেও তাকায় না...
নিশ্চিতে তাই, আমিটা পড়ে রয়েছে...

আমি'র নজর সবার পর,
আসলো যে অতিথি,
কিংবা ভুলেছে যে জন
আমি'র নজর সবার পর...

এই আমি, বাইরে আছি সদাই
ব্যস্ত তৎপর
সে উদাস, নির্বিকার কাঁচকারাতে _
আঁধার ভীরু এই আমি, সদাই ত্রস্ত, পলাতক _
তিমির, দিবাসম তার,
স্ফটিক স্বচ্ছ অন্ধকার।

## মন্দ নয়

একি আত্মহনন!
অবাক বিস্ময় প্রশ্নের ঘরে, একি আত্মহনন্?
রজনী পোয়ালে প্রভাতের কোলে, আত্মহনন্?
শরৎ শেষে কাশবন যেই নিমেষে উধাও,
আত্মহনন্?
বরষার মেঘ অবিরল ঝরে,
সাগর ঢেউ লহরে লহর তুলে
আছড়ে ঢলে পড়ে বালির বুকে, আত্মহনন!

জ্বলে পুড়ে ফিনিক্স আবারও তরুন যুবা,
এমন আত্মহনন্ _নতুন জীবন দিশা _
মন্দ নয় _যদি ফিনিক্স, ফিনিক্স হয়।

(C) Ishan Kotha